



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 23
Class - 2

Subject : Bengali Text
Topic : নিজস্ব সংবাদদাতা

Date : 04.12.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

- ১) 'আকাশে কালো মেঘ, পারফিউমের সুন্দর গন্ধ, ঠাণ্ডা বাতাস বইছে, মেঘের গর্জন শোনা যাচ্ছে' — এগুলো বুঝতে কোন্ কোন্ সংবাদদাতার সাহায্য লাগবে?
- উঃ 'আকাশে কালো মেঘ' — এটা দেখার জন্য চোখের সাহায্য লাগবে। 'পারফিউমের সুন্দর গন্ধ' — এটা বোঝার জন্য নাকের সাহায্য লাগবে। 'ঠাণ্ডা বাতাস বইছে' — এটা অনুভব করার জন্য ত্বকের সাহায্য লাগবে। আর 'মেঘের গর্জন শোনা যাচ্ছে' — এটা শোনার জন্য কানের সাহায্য লাগবে।
- ২) নিজস্ব সংবাদদাতা কথা দুটির অর্থ কি এবং এই সংবাদদাতারা সংখ্যায় কয়টি ও কি কি?
- উঃ নিজস্ব কথার অর্থ হল একদম নিজের। সংবাদদাতা কথার অর্থ হল যে সংবাদ জানায়। এই সংবাদদাতারা সংখ্যায় পাঁচটি। সংবাদদাতাগুলি হল — চোখ, কান, নাক, জিভ ও ত্বক।
- ৩) চামড়া ও জিভের ভালো নাম কি কি এবং এদের সাহায্যে বোঝা যায় এমন দুটি কাজ লেখো।
- উঃ চামড়ার ভালো নাম হল ত্বক। জিভের ভালো নাম হল রসনা। পিঠে মশা কামড়ালে ত্বকের সাহায্যে বোঝা যায়। আর কোনো খাবারের স্বাদ রসনার সাহায্যে বোঝা যায়।

_____ x _____

Rita Das